

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।

স্মারকনং-উঃস্বঃকমঃ / হাজী / চাঁদ/২০২৩/

তারিখঃ ২১/০৫/২০২৩ খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাজীগঞ্জ, চাঁদপুর এবং আওতাধীন উপ-স্বাস্থ্য কেন্দ্র সমূহের পুরাতন/ অকেজো / নষ্ট জিনিসপত্র / লোহারখাট ও স্টীলের বিভিন্ন যন্ত্রপাতি ইত্যাদি মালামাল যেখানে যে অবস্থায় রক্ষিত আছে (তালিকা অনুযায়ী) নিলামেক্রয় করার জন্য আমহী প্রকৃত ব্যবসায়ী/ঠিকাদার / ক্রয়কারী প্রতিষ্ঠান/ দরদাতাগণের নিকট হইতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের পর হইতে আগামী ৩০/০৫/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে হইতে নিলাম দরপত্র সিডিউল বিক্রয় করা হবে। সিডিউলের মূল্য ৫০০ (পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য)। দরপত্রের মূল্য ট্রেজারী চালানোর মাধ্যমে কোড নং-১-২৭১১-০০০০-২৩৬৬ তে সোনালী ব্যাংকের, আলীগঞ্জ, হাজীগঞ্জ, শাখায় জমা প্রদান পূর্বক উহার মূলকপি অত্র দপ্তরের ক্যাশ শাখায় জমা দিয়া দরপত্র ক্রয় করা যাবে। নিলাম দরপত্র ৩১/০৫/২০২৩ তারিখ সকাল ৯ঃ০০ ঘটিকা হইতে বেলা ১২ঃ০০ ঘটিকাপর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বাস্তবে গ্রহণ করা হবে এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর দরপত্রের সিডিউল কোনক্রমেই বিক্রয় ও গ্রহণ করা যাবে না। ঐদিন (অর্থাৎ ৩১/০৫/২০২৩) বেলা ১:০০ ঘটিকার সময় উপস্থিত নিলাম দর দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

শর্তাবলী :-

- ১) নিলামে অংশগ্রহণকারীকে অবশ্যই ২০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।
- ২) উদ্ধৃত দর অংক ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে। ফুইড লাগানো/ঘসামাথা/ওভার রাইটিং কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।
- ৩) সর্বোচ্চ নিলাম দর দাতার দর গ্রহণ করা হইবে। সর্বোচ্চ দর দাতার সর্বমোট টাকার ৩% অতিরিক্ত আয়কর হিসাবে এবং অতিরিক্ত ৭.৫% হারে ভ্যাট জমা দিতে হইবে। অন্যথায় উক্ত সর্বোচ্চ দর বাতিল বলিয়া গন্য হবে।
- ৪) নিলাম আহবানকারী কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা/ না করার ক্ষমতা সংরক্ষণ করেন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন না হলে জমাকৃত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ফেরত দেওয়া হবে।
- ৫) সর্বোচ্চ দর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত মালামাল বুকিয়ে দেওয়া হবে না।
- ৬) নিলাম ডাকে অংশগ্রহণকারীগণ নিম্নস্বাক্ষরকারীর অফিসের সহিত যোগাযোগ করে মালামাল দেখে নিতে পারবেন। দরপত্র গ্রহণের পর কোন প্রকার ওজর আপত্তি গ্রহণ করিবে না।

স্বাক্ষর!
(ডাঃ মোঃ গোলাম মাওলা)
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
হাজীগঞ্জ, চাঁদপুর।
haiigani@uhfpo.dgsh.gov.bd

স্মারকনং উঃস্বঃকমঃ / হাজী / চাঁদ/২০২৩/ ১৩৫/৫০

তারিখঃ ২১/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব (প্রশাসন)।
- ০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
- ০৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। সিভিল সার্জন, চাঁদপুর।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ০৭। অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ থানা, জেলা-চাঁদপুর।
- ০৮। আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ০৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ১০। প্রধান সহকারী/হিসাবরক্ষক / ক্যাশিয়ার/ স্টোর কিপার, অত্র কার্যালয়।
- ১১। মেসার্স/ জনাব.....
- ১২। নোটিশ বোর্ড।

স্বাক্ষর!
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
হাজীগঞ্জ, চাঁদপুর।